# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নম্বর- উমা.পরী.কেন্দ্র/প.উ.শা ১/১৩৬(২০৮) তারিখ: ১২/০৫/২০২৬ ইং

**বিষয়: ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার উপকরণাদি সরবরাহ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ২ জুলাই ২০২৬ বৃহস্পতিবার থেকে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মুল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত বিতরণের তারিখ সকাল ১০.০০ টায় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি (বিতরণ ও গ্রহণ) শাখা হতে সরবরাহ করা হবে। কেন্দ্র সচিব ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত প্রতিনিধি কলেজের সিনিয়র শিক্ষকের মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। **অফিস সহায়ক বা অফিস সহকারীর নিকট পরীক্ষার উপকরণাদি বিতরণ করা হবে'না**। শিক্ষক প্রতিনিধির মাধ্যমে উপকরণাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ভোটার আইডি কার্ডের ফটোকপি নমুনা স্বাক্ষর সম্বলিত ক্ষমতা অর্পনপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

**অধ্যক্ষ/কেন্দ্রের সীল অবশ্যই সঙ্গে আনতে হবে। অস্পষ্ট সীল কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভারপ্রাপ্ত অধ্যক্ষের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। যদি ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিজে আসতে না পারেন সে ক্ষেত্রে তাঁর মনোনীত নিজ কলেজের সিনিয়র শিক্ষককে উপজেলা নির্বাহী অফিসারের কাছ থেকে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। নতুবা সে সব কেন্দ্রের পরীক্ষার উপকরাণাদি সরবরাহ করা হবে না।**

১. কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিজ ব্যয়ে নিরাপদে পরিবহনের ব্যবস্থা করতে হবে।

২. রাজশাহী শিক্ষাবোর্ড হতে সরবরাহকৃত মালামাল কেন্দ্রে পৌছার পর পরই প্রাপ্ত উপকরণাদি প্রদত্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত অবস্থান (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনা পূর্বক ৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং উক্ত রিপোর্টের ১(এক)কপি পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।

৩. উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র, ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, সাদা মুল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ভর্তিবস্তা, খালি বস্তাসহ সকল উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা শেষ হওয়ার পরে অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অবশ্যই অত্র বোর্ডের পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝিয়ে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে কিংবা মালামাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্বৃত উপকরণাদি (ট্রাংক/বস্তা) কোন ক্রমেই রেলওয়ে পার্শেল/ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠানো যাবেনা।

৪. উপকরণাদি গ্রহণকারী কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গ্রহণকৃত উপকরণাদি চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝিয়ে দিবেন।

৫. সাদা মুল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, সিকিউরিটি খাম ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ ) টাকা হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। সচিব, সোনালী সেবার মাধ্যমে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপর্যুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সীল ও স্বাক্ষর করে ফেরত দিতে হবে। কোন উত্তরপত্রের সেলাই খোলা থাকলেও কোনক্রমেই ষ্ট্যাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরত দিতে হবে।

**বি:দ্র: কোন অবস্থাতেই নির্ধারিত তারিখ ছাড়া অন্য কোন তারিখে মালামাল বিতরণ ও গ্রহন করা হবে না।**

জেলাওয়ারী উপকরণাদি বিতরণ ও ফেরতের তারিখ ঃ

| ক্রমিক | জেলা | কেন্দ্র | বিতরণের তারিখ | জেলা ও কেন্দ্রওয়ারী বন্টন | ফেরতের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | সিরাজগঞ্জ | ৩১ | ১১/০৬/২০২৬ বৃহস্পতিবার | সিরাজগঞ্জ জেলার সকল কেন্দ্র | ১৮/০৮/২০২৬ মঙ্গলবার |
| ২. | বগুড়া | ৩৪ | ১৩/০৬/২০২৬ শনিবার | বগুড়া জেলার সকল কেন্দ্র | ১৯/০৮/২০২৬ বুধবার |
| ৩. | পাবনা | ২৮ | ১৪/০৬/২০২৬ রবিবার | পাবনা জেলার সকল কেন্দ্র | ২০/০৮/২০২৬ বৃহস্পতিবার |
| ৪. | জয়পুরহাট<br>চাঁপাইনবাবগঞ্জ | ১২<br>১৫ | ১৫/০৬/২০২৬ সোমবার | জয়পুরহাট ও চাঁপাইনবাবগঞ্জ জেলার সকল কেন্দ্র | ২২/০৮/২০২৬ শনিবার |
| ৫. | নওগাঁ | ২৫ | ১৬/০৬/২০২৬ মঙ্গলবার | নওগাঁ জেলার সকল কেন্দ্র | ২৩/০৮/২০২৬ রবিবার |
| ৬. | নাটোর | ২০ | ১৭/০৬/২০২৬ বুধবার | নাটোর জেলার সকল কেন্দ্র | ২৪/০৮/২০২৬ সোমবার |
| ৭. | রাজশাহী | ৪৩ | ১৮/০৬/২০২৬ বৃহস্পতিবার | রাজশাহী জেলার সকল কেন্দ্র | ২৫/০৮/২০২৬ মঙ্গলবার |

১২/৫/২৬

**পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী
☎ ০২৫৮৮-৮৫৬২৩১

**প্রাপক**

**কেন্দ্র সচিব**
অত্র বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র সমূহ

স্মারক নম্বর- উমা.পরী.কেন্দ্র/প.উ.শা ১/১৩৬(২০৮) তারিখ: ১২/০৫/২০২৬ ইং

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. জেলা প্রশাসক,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৩. পুলিশ সুপার,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৪. রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(এইচ.এস.সি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. উপ-সচিব (ভান্ডার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৮. নিরাপত্তা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৯. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১০. পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১১. পি.সি আনসার বাহিনী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১২. অফিস নথি

১২.৫.২০২৬

**উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উপকরণাদি)**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
☎ ০২৫৮৮-৮৫৫৪৭১
মোবাইল: ০১৮১৯-৬৮০২২৬